



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মে/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও টিম লিডার, এপিএ টিম।
সভার তারিখ	৩০-০৫-২০২১ ইং
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	অনলাইন
উপস্থিতি	ক) জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম। খ) জনাব শিহাব মাহমুদ, সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), সদস্য, এপিএ টিম গ) জনাব দেবব্রত দাস, সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), সদস্য, এপিএ টিম, ঘ) জনাব এম.আলাউদ্দিন আল আজাদ, সহকারী পরিচালক (অপারেশন), সদস্য, এপিএ টিম।

২.০। আলোচনাঃ

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে এপিএ টিমের সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার কার্যপত্র উপস্থাপনা করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এপ্রিল/২০২১ মাসের এপিএ বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন এবং বলেন যে, এপ্রিল ২০২১ পর্যন্ত ০৮ (আট) টি সেমিনার হয়েছে এবং ০১ (এক) টি সেমিনার আগামি ০২ জুন ২০২১ ইং তারিখে "SDG-7: Progress so Far" শীর্ষক একটি ভার্চুয়াল সেমিনার আয়োজন করা হবে। সভাপতি অত্র অফিসের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) কৌশলগত উদ্দেশ্যের মধ্যে মাসিক গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদনের প্রতিবেদন এবং গবেষণা/স্ট্যাডি প্রতিবেদন সম্পর্কে জানতে চান। সভাপতির অনুমতি ক্রমে এপিএ টিমের সদস্য জনাব শিহাব মাহমুদ, সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) বলেন যে, জুন ২০২১ এর মধ্যে ১২ টি গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রস্তুত করার বাধ্যবাধকতা রয়েছে তার মধ্যে এপ্রিল ২০২১ পর্যন্ত (এগার) টি গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদন সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং বাকি ০১ টি গ্যাস এবং কয়লা মজুদ ও উৎপাদন সংক্রান্ত মাসিক প্রতিবেদন জুন ২০২১ এর মধ্যে প্রস্তুত করতে পারবো এবং এপিএ টিমের অপর সদস্য জনাব এম.আলাউদ্দিন আল আজাদ, সহকারী পরিচালক (অপারেশন) বলেন যে, গবেষণা/স্ট্যাডি প্রতিবেদনের কাজ শেষ করে ছাপানোর জন্য প্রেসে পাঠানো হবে।

২.২ সভাপতি ই-নথির বাস্তবায়ন, এপিএ বাস্তবায়নের সঙ্গে যারা জড়িত যাদেরকে প্রনোদনা প্রদান, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরনের সভা, শুদ্ধাচার/ উত্তম চর্চা বিষয়ে অংশীজনের অবহিতকরনের সভা, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরনের সভা এবং বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন সহ অন্যান্য বিষয় যথাসময়ে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

- ক) অত্র মাসে একটি গবেষণা/স্টাডি প্রতিবেদনে প্রস্তুতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
খ) যথাসময়ে একটি ওয়াকসপ/সেমিনার আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
গ) এপিএ বাস্তবায়নের সঙ্গে যারা জড়িত যাদেরকে প্রনোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন বিষয় না থাকায় কমিটির সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
টিম লিডার, এপিএ টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.১০৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৮
০১ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
২) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও
টিম লিডার, এপিএ টিম।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট

নম্বর ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.৯৯

তারিখ: ৯ জ্যৈষ্ঠ ১৪২৮

২৩ মে ২০২১

সভার নোটিশ

২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে এপিএ টিমের মাসিক সভা আগামী ৩০ মে ২০২১ ইং তারিখ, রবিবার সকাল ১১:৩০ ঘটিকায় নিম্নবর্ণিত লিংক এ অনুষ্ঠিত হবে।

Topic: HCU APA Monthly Meeting

Time: May 30, 2021, 11:30 AM Astana, Dhaka

Join from PC, Mac, Linux, iOS or Android:

<https://uni-sydney.zoom.us/j/4037050814?pwd=emZLVmZuZG5Vam5iU2NYWFkCERBZz09>

Id; 4037050814

Password:838884

২। উক্ত সভায় এপিএ টিমের সকল সদস্যকে ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৩-৫-২০২১

মোঃ জাকির হোসেন

পরিচালক (নীতিমালা ও উন্নয়ন)

ফোন: +৮৮-৯১১৭৭৯৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।

২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।

৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা

- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) অফিস কপি।
- ৬) নোটিশ বোর্ড।